# ১৬নং মির্জাপুর ইউনিয়নের কৃত্তি সন্তানদের অন্যতম
# মির্জাপুরের গৌরব কৃষিবিদ ডঃ মতলুবর রহমান

কৃষিবিদ ডাঃ এম মতলুবর রহমান শুধু মির্জাপুর ইউনিয়নের নয় বাংলাদের গৌরব তিনি একজন আর্ন্তজাতিক খ্যাতি সর্ম্পন্ন একজন কৃষি বিজ্ঞানী। ডঃ এম মতলুবর রহমান তিনি ১৯৩৯ সালের ২৮শে নভেম্বর ১৬নং মির্জাপুর ইউনিয়নের ইসলামপুর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। পিতাঃ বশির উদ্দিন আহমেদ, মাতা ছফুরা খাতুন, চার ভাই এবং সাত ভাইয়ের মধ্যে তিনি ৪র্থ। ১৯৫৫ সালে পীরগাছা উচ্চ বিদ্রালয় থেকে প্রথম বিভাগে বৃত্তির সহিত মেট্রিকুলেশন পরিক্ষায় উর্ত্তীন হন। ১৯৬২ সালে ইষ্ট পাকিস্থান এগ্রিকালচারাল ইনষ্টিটিউট ঢাকা র্বতমানে শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় হইতে বি এ জি (BAG) ডিগ্রী লাভ করেন এবং পরবর্তীতে তিনি ইউনিভারসিটি অব দ্যা দিলিস্পন্স তেকে প্লান্ট ডিল্ডিং এ পি এচি ডি (PHD)ডিগ্রী অর্জন করেন। তিনি ছাত্র জীবনে ১ম শ্রেণীর ফুটবল খেলোয়ার ছিলেন। বড় ভাই খায়রুজ্জামান এবং ছোট ভাই ওয়াহিদুর রহমান সহ তিন ভাই যে দলে খেলতেন সে দল নিঃচিন্তে জয় লাভ করত। চাকুরী জীবনের শুরুতে কৃষি বিভাগের সাইন্টিফিক অফিসার পদে যোগদান করেন। তারপর যুগার কেইন রিসার্চ এন্ড ট্রিনিং ইনস্টিউট অটোমিক এনারর্জী সেন্টারে বি এ আই এবং সর্ব শেষে ১৯৯০ সালে পর্যন্ত বি এ আরসিসির চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন। অতপর আর্ন্তজাতিক সাংস্থার কলসালটেন্ট হিসাবে উগান্ডায় ১৩ বছর কর্মরত ছিলেন।

চাকুরী কালে বাংলাদেশ ইনষ্টিটিউট অব নিউক্লিয়ার এগ্রিকালচার প্রতিষ্ঠায় এবং প্রতিষ্টান কর্তৃক উচ্চ ফলনশীল জাতের ধান ইরাটম২৪ এবং ইরাটম ২৮উদ্ভাবনে তার বিশাল অবদান রয়েছে। আখের দুইটি উচ্চ ফলনশীল জাত উৎভাবক ডঃ মতলুবর রহমান। বাংলাদেশে ভুট্টা চাষ প্রচলনে তিনি অগ্রনি ভুমিকা রেখেছেন। ইক্ষু গবেশনা ইনষ্টিটিউট বাংলাদেশে লাইভ স্টক রিসার্চ ইনষ্টিটিউট এবং মৎস গবেষনা ইনষ্টিটিউট প্রতিষ্ঠাতে ও তার ভুমিকা অনেক। ডাঃ মতলুবর রহমান সরকারী বাংলাদেশের জন্য কাজ করতে পেরেছেন মাত্র ১৯ বছর এর মধ্যে তিনি সেই মানুষ গুলির একজন যারা বাংলাদেশের কৃষি উন্নয়নে নিরন্তর কর্ম সাধনা ও প্রচেষ্ঠা চালিয়েছিলেন তাদের মধ্যে ডাঃ মতলুবর রহমান একজন কিংবদন্তি। কৃষিতে তার অসামান্য আবেদনের জন্য চ্যানেল আই কৃষি পদক ২০১৪ এ আজীবন সম্মাননা পান। দেশ বিদেশে কর্ম জীবন শেষে তিনি প্রত্যক্ষ- পরোক্ষ ভাবে নানা সামাজিক কর্ম কান্ডের সহিত জড়িত ছিলেন। যেমন ঢাকা সহ মিঠাপুকুরে ২০১২সাল হতে ২০২০সাল পর্যন্ত কৃষিবিদ সমবায় সোসাইটি লিঃ এর নিজ এলাকায় তার পিতার নামে মির্জাপুর বছির উদ্দিন ডিগ্রী মহাবিদ্যালয় নিজ খরচে প্রতিষ্ঠা করেন। ইমাদপুর এফ ইউ ফাযিল ডিগ্রী মাদ্রাসায় তার মায়ের নামে একটি ছাত্রা বাস নির্মান করেন। গ্রাম বাসীর জন্য তিনি কবর স্থান এবং ধর্মীয় প্রতিষ্ঠানকে গোপন প্রকাশে দান করিয়াছেন। আমার জানামতে ভাগী গোষ্ঠী আত্নীয় স্বজন বন্ধু বান্ধব প্রতিবেশী এমন কেই নাই যারা তার সহযগীতা পান নাই এমন কি বাবার বন্ধুদের খোজ খবর নিতেন এবং প্রয়োজনে সাহায্য সহযোগীতা করেন। ডঃ মতলুবর রহমান ছিলেন একজন প্রচার বিমূখ নিরহংকার সৎ নিষ্ঠাবান জনদরদী দেশ প্রেমিক মানুষ। প্রমান স্বরুপ দেশ বিদেশে উচ্চ পর্যায়ের চাকুরী করতেও তিনি বিদেশে বাড়ী মত না করে নিজ জন্ম স্থান পল্লী গ্রাম ইসলামপুরের আবাসস্থল নির্মান করে বসবাস করতেন গত রমজান মাসে তিনি মৃত্যু বরণ করেন। ডঃ মতলুবর রহমানের মত ক্ষনজন্ম মানুষের বড়ই অভাব। আল্লাহ পাক তাকে তাকে জান্নাতের সুউচ্চ মর্যাদা দান করুক আমিন।

তথ্য প্রদানকারী
বীর মুক্তিযোদ্ধা মোঃ আতিয়ার রহমান